29

দৈনিক জনকণ্ঠ

তারিখ 10 SEP 1994
পৃষ্ঠা 2 কলাম 7

# খুলনা বিভাগে প্রায় এক কোটি মানুষ নিরক্ষর

**স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥** খুলনা বিভাগের ১০টি জেলায় প্রায় ১ কোটি মানুষ নিরক্ষর। সাক্ষর লোকের সংখ্যা ৪৬ লাখ। সবার জন্য শিক্ষা কার্যক্রম চলছে শ্লথ গতিতে।

সংশ্লিষ্ট একটি সূত্রে জানা গেছে, খুলনা বিভাগের ১০টি জেলায় মোট জনসংখ্যা ১ কোটি ৩৬ লাখ ৫২ হাজার ৮৮৭ জন। এর মধ্যে সাক্ষর ৪৬ লাখ ২ হাজার ১৯ জন নারী-পুরুষ এবং ৯০ লাখ ৫ হাজার ৩শ' ৬৮ জন স্বাক্ষর করতে পারে না। শতকরা ৬২ দশমিক ২৮ ভাগ লোক নিরক্ষর।

জেলাওয়ারী হিসাবে সাক্ষরতার হার খুলনায় ৪৩ দশমিক ৯০, বাগেরহাটে ২৮ দশমিক ২০, সাতক্ষীরায় ৩০ দশমিক ৫৩, কুষ্টিয়ায় ৩০ দশমিক ৭৫, মেহেরপুরে ২৩ দশমিক ১০, চুয়াডাঙ্গায় ২৫ দশমিক ২০, ঝিনাইদহে ২৫ দশমিক ৯০, মাগুরায় ২০, নড়াইলে ৩৫ দশমিক ৭১, যশোরে ৩৩ দশমিক ৪০ ভাগ মাত্র।

এদিকে 'সবার জন্য শিক্ষা' কার্যক্রমের ফলাফল হতাশাব্যঞ্জক। বিভাগের ১০ জেলায় প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা ২০ লাখ ৪২ হাজার ৫শ' ৩১। এর মধ্যে ১৭ লাখ ২১ হাজার ৭ শিশুকে বিদ্যালয়ে ভর্তি করা হলেও ৩ লাখ ১৭ হাজার ৪শ' ২৩ শিশু ড্রপ আউট হয়েছে।